

বিসমিল্লাহির রহমানির রহিম

সকল বিসিএস পরীক্ষার্থী ভাই-বোনদের জন্য

উৎসর্গ করছি।

.

বিজ্ঞান ও প্রযুক্তিঃ

১০ম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

.

১। চাঁদে বস্তুর ভর পৃথিবী হতে বেশি না কম? (৩৭ তম  
প্রিলি) [১০ম বিসিএস লিখিত বিজ্ঞান]

উত্তরঃ কম। চাঁদে বস্তুর ভর পৃথিবীর ভরের এক ষষ্ঠমাংশ  
অর্থাৎ ৬ ভাগের ১ ভাগ।

২। ‘বিগ ব্যাং থিওরী’ কী? [১০ম বিসিএস লিখিত  
বিজ্ঞান] [৩১ তম প্রিলিমিনারি]

উত্তরঃ এটা হলো মহাবিশ্ব সৃষ্টির সময়ের  
মহাবিস্ফোরণ। যখন একই সাথে স্থান, সময় ও পদার্থ  
সৃষ্টি হয়েছে। জর্জ লেমিটেয়ার এই বিগ ব্যাং থিওরীর  
প্রবক্তা।

৩। কেমোথেরাপি কী ? [১০ম বিসিএস লিখিত বিজ্ঞান]

উত্তরঃ রাসায়নিক পদার্থের প্রয়োগের মাধ্যমে

ক্যান্সারের চিকিৎসা পদ্ধতিকে কেমোথেরাপি বলে।

এর জনক হলেন পল এহলিক।

৪। নবায়নযোগ্য শক্তি বলতে কী বুঝায় ? [১০ম বিসিএস  
লিখিত বিজ্ঞান]

উত্তরঃ যে শক্তি একবার শেষ হয়ে গেলেও চার্জের

মাধ্যমে পুনরায় নবশক্তিতে পরিণত করা যায় তাকে

নবায়নযোগ্য শক্তি বলে। যেমনঃ স্টোরেজ ব্যাটারি ও

পারমুটিট।

৫। সামুদ্রিক জলোচ্ছাস কী? [১০ম বিসিএস লিখিত  
বিজ্ঞান]

উত্তরঃ সমুদ্রে ঘূর্ণিষ্ঠড়ের সঙ্গে বাতাস সমুদ্রের উপর বল

প্রয়োগ করে প্রচণ্ড টেউয়ের সৃষ্টি করে যাকে সামুদ্রিক

জলোচ্ছাস বলে।

৬। এইডস (AIDS) কী? [১০ম বিসিএস লিখিত বিজ্ঞান]

উত্তরঃ AIDS এর পূর্ণরূপ Acquired Immune  
Deficiency

Syndrome. এটি একটি মারাত্মক সংক্রামক ব্যাধি। যা ১৯৮১ সালে যুক্তরাষ্ট্রে পাওয়া যায়।

.

মানসিক দক্ষতা

২৭ তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

.

১। তোর বেলায় আপনি বেড়াতে বের হয়েছেন। বের হওয়ার সময় সূর্য আপনার সমনে ছিল। কিছুক্ষণ পরে আপনি বামদিকে ঘূরলেন। কয়েক মিনিট পরে আপনি ডান দিকে ঘূরলেন। এখন আপনার মুখ কোন দিকে? (৩৭ তম প্রিলিমিনারি)

উত্তরঃ পূর্ব দিকে।

২। A bird does not always have-

Ans: Nest [ ব্যাখ্যাঃ একটা পাখির সবসময় Nest বা বাসা নাও থাকতে পারে।]

৩। ‘Quite’ is related to ‘Sound’, in the same way ‘Darkness’ is

related to-

Ans: Sunlight. ‘Quite’ এর বিপরীত শব্দ ‘Sound’ –  
তেমনি

‘Darkness’ এর বিপরীত শব্দ Sunlight

৪। Silver is more prettier than iron because it  
is-

Ans: Prettier

৫। মিটারগেজ রেলপথের দুই লাইনের মধ্যে দূরত্ব কত?

উত্তরঃ ১.১ মিটার।

৬। AZ, CX EV ..... শূন্যস্থানে কী বসবে?

উত্তরঃ GT ব্যাখ্যাঃ A ...C...E....G এবং  
Z.....X....V.....T

বাংলা

১০ম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

১। কাহ্মপা কে ছিলেন? [১০, ১২ বিসিএস লিখিত]

উত্তরঃ কাহ্মপা চর্যাপদের একজন প্রধান কবি। তাঁর  
রচিত পদের সংখ্যা ১৩ টি।

২। বাংলা ভাষার পূর্ববর্তী স্থরের নাম কী? [১০

বিসিএস লিখিত]

উত্তরঃ অপ্রাপ্তি।

৩। বড়ু চগ্নীদাসের কাব্যের নাম কী? [১০, ১৫, ২০, ২২, ৩৩]

তম বিসিএস লিখিত]

উত্তরঃ শ্রীকৃষ্ণকীর্তন।

৪। দৌলত উজির বাহরাম খানের কাব্যের নাম কী? [১০,

১৫ বিসিএস লিখিত]

উত্তরঃ লাইলী – মজনু।

৫। 'ইউসুফ – জোলেখা' কাব্যের রচয়িতা কে? [১০, ১৫]

বিসিএস লিখিত]

উত্তরঃ শাহ মুহাম্মদ সগীর।

৬। আলাওলের শ্রেষ্ঠ কাব্যের নাম কী? [১০ বিসিএস

লিখিত]

উত্তরঃ পদ্মাবতী।

.

.

ইংরেজি

১০ম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন ও উত্তর

১। Have you time to listen ..... my story? [১০  
তম বিসিএস  
ইংরেজি]

Ans: to

২। She was obvious .....the presence of her  
friend. [১০ তম  
বিসিএস ইংরেজি]

Ans: of

৩। Better write his debt ..... [১০ তম বিসিএস  
ইংরেজি]

Ans: off

৪। Time and tide.....for none. (৩৬ তম  
প্রিলিমিনারি) [১০  
তম বিসিএস ইংরেজি]

Ans: wait

৫। You will get.....trouble if you do not mend  
yourself. [১০  
তম বিসিএস ইংরেজি]

Ans: into

২৫। Who wrote ‘The Adventures of Sherlock Holmes’? [১০ তম

বিসিএস ইংরেজি]

Ans: Arthur Conan Doyle

২৬। What are the names of two historical plays of

Shakespear? [১০ তম বিসিএস ইংরেজি]

Ans: ‘King John’ and Henry V.

২৭। What are the names of two well known English women

writers? [১০ তম বিসিএস ইংরেজি]

Ans: Jane Austen and Virginia Woolf.

.

.

বাংলাদেশ বিষয়াবলি

১০ম বিসিএস লিখিত প্রশ্ন ও উত্তর

.

১। শালবন বিহার কোথায় অবস্থিত? [১০ম বিসিএস লিখিত]

উত্তরঃ কুমিল্লা জেলার ময়নামতি ও লালমাই পাহাড়ের মাঝখানে অবস্থিত।

২। উত্তরা গণভবন কোথায় অবস্থিত? [১০ম বিসিএস লিখিত]

উত্তরঃ নাটোরের দিঘাপাতিয়া নামক স্থানে অবস্থিত।

৩। পাহাড়তলী কী জন্য বিখ্যাত? [১০ম বিসিএস লিখিত]

উত্তরঃ রেলের ইঞ্জিন ও বগি মেরামতের জন্য। এটি চট্টগ্রামে অবস্থিত।

৪। সন্তোষ কী জন্য বিখ্যাত? [১০ম বিসিএস লিখিত]

উত্তরঃ কাগমারী সম্মেলন এখানে অনুষ্ঠিত হয়। এটি টাঙ্গাইলে অবস্থিত।

৫। ‘শেষের কবিতা’ কে লিখেছেন? [১০ম বিসিএস লিখিত]

উত্তরঃ রবীন্দ্রনাথ ঠাকুর। এটি একটি কাব্যধর্মী উপন্যাস।

৬। ’ব্যাথার দান’ কে লিখেছেন? [১০ম বিসিএস লিখিত]

উত্তরঃ কাজী নজরুল ইসলাম। এটি একটি গল্পগ্রন্থ।

•  
•

আন্তর্জাতিক বিষয়াবলী

১০ ম বিসিএস লিখিত প্রশ্ন ও উত্তর

•

১। ন্যাটো কবে প্রতিষ্ঠিত হয়? [১০, ২৩ তম বিসিএস লিখিত]

উত্তরঃ ৪ এপ্রিল ১৯৪৯ সালে।

২। INF চুক্তি বলতে কী বোঝায়? [১০ ম বিসিএস লিখিত]

উত্তরঃ মাঝারি পাল্লার আণবিক শান্তি চুক্তি।

৩। বিশ্ব ব্যাংকের বর্তমান সভাপতির নাম কী? [১০, ১৫ তম বিসিএস লিখিত]

উত্তরঃ জিম ইয়ং কিম। (দক্ষিণ কোরিয়া)

৪। এশীয় উন্নয়ন ব্যাংকের বর্তমান সভাপতির নাম কী? [১০, ১৫ তম বিসিএস লিখিত]

উত্তরঃ তাকেহিকো নাকায়ও (জাপান)।

৫। পপুলার ফর দ্য লিবারেশন অব প্যালেন্টান

(পিএফএলপি) এর প্রতিষ্ঠাতা কে? [১০ ম বিসিএস  
লিখিত]

উত্তরঃ জর্জ হাবাস।

৬। জাপানের প্রধান চারটি দ্বীপের নাম কী? [১০ ম  
বিসিএস লিখিত]

উত্তরঃ শিকুকু, কিউসু, হনসু ও হোক্সাইডু।

.

.

বিসিএস ভাইভা প্রশ্নঃ- ২০১১ থেকে ২০১৭  
(প্রিলিমিনারি উপযোগী)

বিসিএস ভাইভা—২০১১, ৩০ তম বিসিএস। সূত্র: কারেন্ট  
অ্যাফেয়ার্স-২০১১।

.

১। মোবাইল কোর্ট সর্বোচ্চ কর্ত বছর দণ্ড দিতে পারে?

[৩০ তম বিসিএস ভাইভা]

উত্তরঃ ২ বছর।

২। বাংলাদেশের সংবিধানের কর্ত ন্যৰ অনুচ্ছেদে  
তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থার কথা বলা ছিলো?

উত্তরঃ ৫৬খ – ৫৬ঙ।

৩। ‘জননী সাহসিকা’ কে? [৩০ তম বিসিএস ভাইভা]

উত্তরঃ কবি সুফিয়া কামাল।

৪। ‘সাঁঝের মায়ার কবি’ কে? [৩০ তম বিসিএস ভাইভা]

উত্তরঃ কবি সুফিয়া কামাল।

৫। ‘দ্রোহ ও তারঁণ্যের কবি’ বলা হয় কাকে? [৩০ তম বিসিএস ভাইভা]

উত্তরঃ রুদ্র মুহুম্বদ শহিদুলাল্লাহকে।

১১। ‘ক্যাস্টিং ভোট’ কী? [৩৭ তম প্রিলিমিনারি ২০১৬]  
[৩১ তম বিসিএস ভাইভা]

উত্তরঃ সংসদে স্পিকারের ভোটকে ‘ক্যাস্টিং ভোট’  
বলে।

.

.

প্রিলিমিনারি প্রশ্ন ও উত্তর

১০ম প্রিলিমিনারি প্রশ্ন ও উত্তর

.

বাংলা

১। 'আনারস' ও 'চাবি' শব্দ দুটি কোন ভাষার শব্দ থেকে  
বাংলা ভাষায় এসেছে?

উত্তরঃ পর্তুগিজ।

২। গুরুচঙ্গালী দোষমুক্ত শব্দ কোনটি?

উত্তরঃ শবদাহ।

৩। 'উভয়কূল রক্ষা' অর্থে ব্যবহৃত প্রবচন কোনটি?

উত্তরঃ সাপও মরে, লাঠিও না ভাঙ্গে।

৪। 'রত্নাকার' শব্দটির সঞ্চি বিচ্ছেদে কী হবে?

উত্তরঃ রত্ন + আকার

৫। শুন্দি বাক্য কোনটি?

উত্তরঃ দুর্বলতাবশত অনাথা বসে পড়ল।

৬। কোন দ্বিতীয় শব্দ দুটি বর্ণবচন নির্দেশ করে?

উত্তরঃ পাকা পাকা আম।

ইংরেজি

১। Who is the author of 'A Farewell to Arms'?

[১০ম

বিসিএস]

উত্তরঃ Ernest Hemingway

২। Who is the author of 'Animal Farm'? [১০ম

বিসিএস]

উত্তরঃ George Orwell.

৩। Who is the author of 'India wins Freedom'?

[১০ম

বিসিএস]

উত্তরঃ Abul Kalam Azad.

৪। He ..... To see us if he had been able to

[১০ম বিসিএস]

Ans: would have come.

৫। He had.....of fever. [১০ম বিসিএস]

Ans: sever attack

৬। How long did you wait? [১০ম বিসিএস]

Ans: till he come

৭। I am not bad.....tennis. [১০ম বিসিএস]

Ans: at

৮। What is the antonym of ‘Gentle’? [১০ম  
বিসিএস]

Ans: Rude

.

গণিত

.

১। সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যদি ‘a’ হয় তবে  
ক্ষেত্রফল কত?

উত্তরঃ  $(\sqrt{3})/4 a^2$

২। ১ হতে ৪৯ পয়স্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

উত্তরঃ ২৫।

৩। টাকায় ৩টি করে ক্রয় করে, টাকায় ২টি করে বিক্রয়  
করলে শতকরা কত লাভ হবে?

উত্তরঃ ৫০%

৪।  $\Delta ABC$  –এর  $BE=EF=FC$ .  $\Delta AEC$  এর ক্ষেত্রফল  
৪৮ বর্গফুট

হলে, ত্রিভুজ  $ABC$  এর ক্ষেত্রফল কত বর্গফুট?

উত্তরঃ ৭২ বর্গফুট।

৫।  $a + b = 5$  এবং  $a - b = 3$  হলে,  $ab$  এর মান কত?

উত্তরঃ ৪

৬। ৬০ লিটার কেরোসিন ও পেট্রলেন মিশ্রণের অনুপাত

৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রল মিশালে অনুপাত  
৩ : ৭ হবে?

উত্তরঃ ৮০ লিটার।

৭। ১ থেকে ৩০ পর্যন্ত সংখ্যাগুলোতে কতটি মৌলিক  
সংখ্যা আছে?

উত্তরঃ ১০ টি।

.

বিজ্ঞান

.

১। নবায়নযোগ্য শক্তির উৎস কোনটি? [১০ তম বিসিএস]

উত্তরঃ সূর্য।

২। প্রেসার কুকারে রান্না তাড়াতাড়ি হওয়ার কারণ  
কী?

উত্তরঃ উচ্চচাপে তরলের স্ফটনাক্ষ বৃদ্ধি পায়।

৩। কোনটি জীবাশ্ম জ্বালানী নয় ? [১০ তম বিসিএস]

উত্তরঃ বায়োগ্যাস।

৪। যে বায়ু সর্বদাই উচ্চচাপ অঞ্চল থেকে নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহি হয় তাতে কী বায়ু বলে ? [৩২, ১২, ১০তম বিসিএস]

উত্তরঃ নিয়ত বায়ু।

৫। সাধারণ ড্রাইসেলে উলেকট্রোড হিসেবে কী থাকে ?  
উত্তরঃ কার্বন দণ্ড ও দণ্ডার কোটা।

৬। মাছ অক্সিজেন নেয় কীভাবে ? [১০ তম বিসিএস]

উত্তরঃ পানির মধ্যে দ্রবীভূত বাতাস হতে।

৭। দূরের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে বিদ্যুৎ নিয়ে আসতে হলে হাইভোল্টেজ ব্যবহার করার কারণ কী ?

উত্তরঃ এতে বিদ্যুৎ এর অপচয় কম হয়।

৮। ভৌগোলিকভাবে কোন গুরুত্বপূর্ণ কান্ননিক রেখা বাংলাদেশের উপর দিয়ে চলে গিয়েছে ?

উত্তরঃ কর্কটক্রান্তি রেখা।

৯। আমাদের দেহকোষ রক্ত হতে কী গ্রহণ করে ? [১০ তম বিসিএস]

উত্তরঃ অক্সিজেন ও প্লাকোজ।

১০। সংকর ধাতু পিতলের উপাদান কী কী?

উত্তরঃ লৌহ।

.

সাধারণ জ্ঞান

.

১। বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিলো  
কবে? [১০ তম বিসিএস]

উত্তরঃ ১৭ এপ্রিল ১৯৭১ সালে।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কবে  
প্রবর্তিত হয়? [১০ তম বিসিএস]

উত্তরঃ ১৬ ডিসেম্বর ১৯৭২।

৩। বিখ্যাত সাধক শাহ সুলতান বলখীর মাজার কোথায়?  
[১০ তম বিসিএস]

উত্তরঃ মহাস্থানগড়ে।

৪। পাখি ছাড়া বাংলাদেশের কৃষিতে 'বলাকা' ও  
দোয়েল কীসের নাম? [১০ তম বিসিএস]

উত্তরঃ গমসশ্য।

৫। পাহাড়পুর বৌদ্ধ বিহারটি কী নামে পরিচিত ছিলো?

[১০ তম বিসিএস]

উত্তরঃ সোমপুর বিহার।

৬। বাংলা নববর্ষ পহেলা বৈশাখ কে চালু করেন? [১০ তম বিসিএস]

উত্তরঃ সন্ত্রাট আকবর।

৭। বাংলাদেশের কোথায় চীনামাটির সন্ধান পাওয়া গেছে? [১০ তম বিসিএস]

উত্তরঃ বিজয়পুর, নেত্রকোনা।

.

.

অষ্টম, নবম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণির বোর্ড বইয়ের সার-সংক্ষেপ এবং জে এস সি, এস এস সি ও এইচ এস সি বোর্ড পরীক্ষার প্রশ্ন ও উত্তর। (বিসিএস প্রিলিমিনারি উপযোগী)।

.

.

অষ্টম শ্রেণি- বিজ্ঞান

## সপ্তম অধ্যায়ঃ পৃথিবী ও মহাকর্ষ

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

১। মেরু অঞ্চলে কোনো বস্তুর ওজন সবচেয়ে বেশি হয়। [৩৭  
তম প্রিলিমিনারি]

২। চাঁদের মধ্যাকর্ষণজনিত ভুরণের মান পৃথিবীর ৬  
ভাগের ১ ভাগ। [৩৭ তম বিসিএস প্রিলিমিনারি]

৩। বস্তুদ্বয়ের মধ্যে দূরত্ব বেশি হলে বল কম হয়।

৪। মহাকর্ষ বলের প্রভাবে পৃথিবী সূর্যের চারদিকে  
যুরে।

৫। পৃথিবী এবং অন্য যেকোনো বস্তুর মধ্যকার আকর্ষণকে  
অভিকর্ষ বলে।

৬। সূর্য ও চন্দ্রের মধ্যে যে আকর্ষণ তাকে মহাকর্ষ বলে।

৭। প্রতি সেকেন্ডে কোনো বস্তুর যে বেগ বৃদ্ধি পায়  
তাকে ত্বরণ বলে।

.

এ অধ্যায়ের জে এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা  
বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসে;

১। কোথায় অভিকর্ষজ ত্বরণ ‘g’ এর মান বা বস্তুর ওজন শূন্য? [জে এস সি-১৬, ১৫, ১৪]

উত্তরঃ পৃথিবীর কেন্দ্রে।

২। গৃথিবী ও চাঁদের মধ্যে কোনো বস্তুর ওজনের তারতম্য কীরূপ? [জে এস সি-১৬, ১৬, ১৫, ১৪, ১৪]

উত্তরঃ পৃথিবীতে ওজন ৬ গুণ হলে চাঁদে ১ গুণ।

৩। বলের একক কী? [জে এস সি-১৬, ১৫, ১৪]

উত্তরঃ নিউটন।

৪। ওজনের একক কী? [জে এস সি-১৬, ১৪]

উত্তরঃ নিউটন। (উল্লেখ্য, বলের ও ওজনের একক একই: নিউটন)

৫। পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান বা বস্তুর ওজন কীরূপ? [জে এস সি-১৬, ১৫]

উত্তরঃ শূন্য।

.

.

অষ্টম শ্রেণি- সমাজ

১১ তম অধ্যায়ঃ বাংলাদেশের বিভিন্ন নৃগোষ্ঠী

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

১। বাংলাদেশের দক্ষিণ-পূর্বাংশের নৃগোষ্ঠীগুলো  
হলো—চাকমা, মারমা, ত্রিপুরা, শ্রো, তঙ্গস্যা, বম,  
পাংখুয়া ও খুমি।

২। বাংলাদেশের উত্তর-পূর্বাংশের নৃগোষ্ঠীগুলো হলো  
—গারো, হাজং, কোচ, খাসি ও মনিপুরি।

৩। গারো, হাজং ও কোচ নৃগোষ্ঠীর লোকজন বৃহত্তর  
ময়মনসিংহ অঞ্চলে বসবাস করে। [৩৭ তম বিসিএস]

৪। খাসি ও মনিপুরি নৃগোষ্ঠীর লোকজন সিলেট অঞ্চলে  
বসবাস করে।

৫। রাখাইনরা কল্লবাজার, পটুয়াখালি ও বরগুনা জেলায়  
বসবাস করে।

৬। বাংলাদেশের সবচেয়ে বড় নৃতাত্ত্বিক গোষ্ঠী হলো—  
চাকমা।

৭। চাকমারা বসবাস করে—রাঙ্গামাটি, বান্দরবান  
ও খাগড়াছড়ি জেলায়।

এ অধ্যায়ের জে এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা

বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসে;

১। বাংলাদেশে রাখাইনরা কোন ধর্মাবলম্বী ? (জে. এস. সি-২০১৬ )

উত্তরঃ বৌদ্ধ।

২। মারমারা কোন ধর্মাবলম্বী ? (জে. এস. সি- ১৬,১৬ )

উত্তরঃ বৌদ্ধ।

৩। মনিপুরি নৃগোষ্ঠীর লোকেরা কোন অঞ্চলে বসবাস করে? (জে. এস. সি- ১৬)

উত্তরঃ সিলেটে।

৪। চাকমা সমাজে রাজার পদটি নির্ধারিত হয় কীভাবে?

(জে. এস. সি- ১৬)

উত্তরঃ বংশানুক্রমিক।

.

.

অষ্টম শ্রেণি - বাংলা ব্যাকরণ

২ ম পরিচ্ছেদঃ ধ্বনি ও বর্ণ

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

১। ধ্বনি ২ প্রকার। যথা:- ক. স্বরধ্বনি খ.

ব্যঞ্জনধ্বনি।

২। মৌলিক স্বরধ্বনি—৭ টি। যথা:- অ, আ, ই, উ, এ, ও, অ্য।

৩। বর্ণ ২ প্রকার। যথা:- ক. স্বরবর্ণ খ. ব্যঞ্জনবর্ণ।

৪। স্বরবর্ণ—১১ টি। যথা:- অ, আ, ই, ঈ, উ, ঊ, এ, ঐ, ও, উ।

৫। ব্যঞ্জনবর্ণ—৩৯ টি। যথা:- ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, গ্র, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, য, র, ল, শ, ষ,

স, হ, ড, ঢ, য, ঃ, ঃং, ঃং, ঃঁ।

৬। বাংলা বর্ণমালা মোট—৫০ টি। (স্বরবর্ণ ১১+  
ব্যঞ্জনবর্ণ ৩৯ =৫০)

৭। স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে—’কার’ বলে।

৮। স্বরবর্ণের ‘কার’ চিহ্ন সংখ্যা—১০ টি। (শুধুমাত্র ‘অ’  
বর্ণটির কোনো ‘কার’ নাই)।

এ অধ্যায়ের থেকে জে এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা  
বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসে;

১। বাংলা বর্ণমালায় মোট কতটি বর্ণ রয়েছে? (জে. এস.  
সি- ১৬, ১৪, ১১)

উত্তরঃ ৫০ টি।

২। বাংলা বর্ণমালায় কতটি স্বরবর্ণ রয়েছে? (জে. এস.  
সি- ১৬, )

উত্তরঃ ১১ টি।

৩। বাংলা বর্ণমালায় কতটি ব্যাঞ্জনবর্ণ রয়েছে?  
(জে.এস. সি. – ১৬, ১০)

উত্তরঃ ৩৯ টি।

৪। স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে? (জে.এস. সি. –  
১২, ১০)

উত্তরঃ কার।

৫। ধ্বনি নির্দেশক চিহ্নকে কী বলে? (জে.এস. সি. – ১১,  
১৩)

উত্তরঃ বর্ণ।

১১। যৌগিক স্বরধ্বনির প্রতীক কোনগুলো? (জে.এস. সি. –

১৫, ১০)

উত্তরঃ ঐ এবং ও

.

.

অষ্টম শ্রেণি- গণিত

১ ম অধ্যায়ঃ প্যাটার্ন

.

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

১। মৌলিক সংখ্যা সহজেই নির্ণয় করা যায় —

ইরাটোস্থিনিসের ছাঁকনির সাহায্যে।

২। কোনো প্যাটার্নে সাজানো সংখ্যাগুলোকে —

ফিবোনাক্ষি সংখ্যা বলে।

৩। গণিতের প্যাটার্ন পরিচিতি প্রদান করেন -- সুইডিস

গণিতবিদ উলফ গ্রিনেনদার।

৪। যে সংখ্যাকে ১ এবং ঐ সংখ্যা ছাড়া ভাগ করা যায়

না তাকে -- মৌলিক সংখ্যা বলে।

৫। সবচেয়ে ছোটো মৌলিক সংখ্যা হল — ২।

৭। ১ থেকে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যা আছে -- ৮ টি।

৮। ১ থেকে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যা আছে -- ১০ টি।

[১০ম বিসিএস]

৯। ১ থেকে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা আছে -- ১৫ টি

.

এ অধ্যায়ের জে এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা  
বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসে;

১। সবচেয়ে ছোট মৌলিক সংখ্যা কোনট? (জে. এস.  
সি.-১৪, ১৫, ১৬, ১৬)

উত্তরঃ ২।

২। ৩, ৯, ১৯, ৩৩ প্যাটার্নে পরবর্তী সংখ্যাটি কত? (জে.  
এস. সি.-১৬)

উত্তরঃ ৫১। ব্যাখ্যাঃ পার্থক্য- ৬, ১০, ১৪, সুতরাং  
পরবর্তী পার্থক্য হবে ১৮, এবং  $33+18=51$ ।

৩। ১, ৪, ১০, ১৯, ৩১,.....। তালিকার পরবর্তী সংখ্যাটি কত?  
(জে. এস. সি.-১৫, ১৬)

উত্তরঃ ৪৬। ব্যাখ্যাঃ পার্থক্য-৩, ৬, ৯, ১২, সুতরাং  
পরবর্তী পার্থক্য হবে ১৫, এবং  $31+15=46$ ।

৪। ২, ৫, ৮, ১১, ১৪,.....। তালিকার ১০ ম পদটি কত হবে?

(জে. এস. সি.-১৪, ১৬)

উত্তরঃ ২৯। ব্যাখ্যাঃ প্যাটার্নের সাধারণ পদ=৩ক-১,

সুতরাং ১০ম পদ=৩×১০-১=২৯।

.

.

অষ্টম শ্রেণি - তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

৫ ম অধ্যায়ঃ শিক্ষা ও দৈনন্দিন জীবনে ইন্টানেটের ব্যবহার

.

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

১। GPS এর পূর্ণরূপ -- Global Positioning System

২। সামাজিক যোগাযোগ মাধ্যম—ফেসবুক ও টুইটার।

৩। বাংলা সার্চ ইঞ্জিন হলো — পিপীলিকা।

৪। তথ্য খোঁজার জনপ্রিয় সাইট বা সার্চ ইঞ্জিন —  
([www.google.com](http://www.google.com))

৫। গাণিতিক বিভিন্ন সমস্যা সমাধানের সাইট হলো—

(<http://www.wolframalpha.com> )

৬। E-Mail এর পূর্ণরূপ Electronic Mail

৭। ই-মেইলে পাঠানো যায়—লেখা, ছবি, ফাইল ও ডকুমেন্ট।

৮। বিশ্বব্যপী জনপ্রিয় ই-মেইলের সাইটগুলো হলো—

ইয়াহু-মেইল সার্ভিস, জি-মেইল সার্ভিস।

৯। তারবিহীন ইন্টানেট সংযোগ সম্ভব- ওয়াইফাই ও ওয়াইম্যাক্স ব্যবহার করো। [৩৭ তম প্রিলিমিনারি]

১০। পথঘাট চিনতে অথবা রাস্তাঘাটের অবস্থান জানতে ব্যবহৃত হয়—জিপিএস।

এ অধ্যায়ের জে এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসে;

১। বাংলা সার্চ ইঞ্জিনের নাম কী? [জে এস সি-১৪, ১৫, ১৬]

উত্তরঃ পিপীলিকা।

২। E-Mail এর পূর্ণরূপ কী? [জে এস সি-১৪, ১৫]

উত্তরঃ Electronic Mail

৩। ই-মেইল ঠিকানায় কোন চিহ্নটি অত্যাবশকীয়ভাবে  
ব্যবহার করতে হয়? [জে এস সি-১৪, ১৬]

উত্তরঃ @

৪। কোনো স্থানের অবস্থান জানা যায় কোন প্রযুক্তির  
মাধ্যমে? [জে এস সি-১৪]

উত্তরঃ GPS

৫। জনপ্রিয় সার্চ ইঞ্জিন গুলো কী কী? [জে এস সি-১৬]

উত্তরঃ Yahoo, Google Pipilika

.

.

নবম দশম শ্রেণি - উচ্চতর গণিত

চতুর্দশ অধ্যায়ঃ সম্ভাবনা

.

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

১। দৈব পরীক্ষাঃ যখন কোনো পরীক্ষার সম্ভাব্য সকল  
ফলাফল আগে থেকে জানা থাকে কিন্তু পরীক্ষাটির  
কোনো একটা নির্দিষ্ট ফলাফল কি আসবে তা নিশ্চিত

করে বলা যায় না তাকে দৈব পরীক্ষা বলে।

২। কোনো ঘটনার সন্তাননা সূত্র = (উক্ত ঘটনার অনকূল ফলাফল)/(সমগ্র সন্তান্য ফলাফল)

৩। কোনো ঘটনার সন্তাননা না হওয়ার সূত্র = (সমগ্র সন্তান্য ফলাফল-অনকূল ফলাফল)/(সমগ্র সন্তান্য ফলাফল)

৩। একটা থলেতে 4 টা লাল, 5 টা সাদা, ও 6 টা কালো বল আছে। দৈবভাবে একটা বল নেয়া হলে বলটি কালো হওয়ার সন্তাননা বের করার নিয়ম হলো, মোট বল সংখ্যা দিয়ে কালো বল সংখ্যাকে ভাগ করতে হবে; সুতরাং (কালো বলের সংখ্যা)/(সমগ্র বলের সংখ্যা)=  $6/(4+5+6) = 6/15 = 2/5$  উত্তরঃ  $2/5$

এ অধ্যায়ের এস এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসে;

১। একটা থলেতে 5 টা লাল, 6 টা সাদা, ও 7 টা কালো বল আছে। দৈবভাবে একটা বল নেয়া হলে বলটি লাল হওয়ার সন্তাননা কত? [ এস এস সি -২০১৫]

উত্তরঃ  $5/18$  ব্যাখ্যাঃ মোট বল =  $5+6+7=18$ , সুতরাং লাল বল হওয়ার সন্তাননা = (লাল বল)/(মোট বল)  $5/18$

২। ২০১২ সালের জুলাই মাসের ১ম সপ্তাহে বৃষ্টি হয়েছে  
মোট ৫ দিন। সোমবার বৃষ্টি না হওয়ার সম্ভাবনা কত?

[ এস এস সি-১৬]

উত্তরঃ ২/৭

ব্যাখ্যাঃ কোনো ঘটনার সম্ভাবনা না হওয়ার সূত্র =  
(সমগ্র সম্ভাব্য ফলাফল-অনকূল ফলাফল)/(সমগ্র সম্ভাব্য  
ফলাফল) =  $(7-5)/7 = 2/7$

.

.

নবম দশম শ্রেণি –বাংলা ব্যাকরণ

দ্বিতীয় পরিচ্ছেদ : বাংলা ব্যাকরণ ও এর আলোচ্য বিষয়

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্যসমূহ;

১। ব্যাকরণ ( $বি+আ+ৰ+অন$ ) শব্দটির বৃৎপত্তিগত অর্থ হলো  
– বিশেষভাবে বিশ্লেষণ।

২। প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে – ধৰনি,  
শব্দ, বাক্য ও অর্থ।

৩। ব্যাকরণে প্রধানত চারটি বিষয়ের আলোচন হয় –

ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব।

৪। ধ্বনিতত্ত্ব = Phonology, শব্দতত্ত্ব, = Morphology,

বাক্যতত্ত্ব = Syntax ও অর্থতত্ত্ব = Semantics

৭। চারটি উপসর্গ বাংলা ও তৎসম উভয়ের মধ্যে আছে।

যথাঃ- আ, সু, বি, নি।

এ অধ্যায়ের এসএসসি পরীক্ষার প্রশ্নসমূহ যা বিভিন্ন

নিয়োগ পরীক্ষায় আসে;

১। রূপতত্ত্বের আলোচ্য বিষয়গুলো কী ? ( এস. এস.

সি-১৩, ১২, ১০, ০৬, ০৫, ০৮, ০১)

উত্তরঃ শব্দ গঠন, বচন ক্রিয়ার কাল।

২। সঞ্চি বাংলা ব্যাকরণের কোন অংশের আলোচ্য

বিষয়? ( এস. এস. সি-১৪, ১২, ১০, ০৭, ০৬, ০৫, ০৮)

উত্তরঃ ধ্বনিতত্ত্বের।

৩। গ-ত্ব ও ষ-ত্ব বিধান বাংলা ব্যাকরণের কোন অংশে

আলোচিত হয়? ( এস. এস. সি-১৪, ০১)

উত্তরঃ ধ্বনিতত্ত্বে।

৪। বাংলা ব্যাকরণের প্রধান আলোচ্য বিষয় কয়টি? ( এস.

এস. সি-১৬, ১২, ১১, ০৯, ০৭, ০৬, ০৮)

উত্তরঃ ৪ টি।

৫। রূপতত্ত্বের অপর নাম কী? ( এস. এস. সি-১৩, ১২, ১১, ০২)

উত্তরঃ শব্দতত্ত্ব।

.

.

নবম দশম শ্রেণি - সাধারণ বিজ্ঞান

১ ম অধ্যায়ঃ উন্নতর জীবনধারা

.

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

১। খাদ্যের কাজ প্রধানত —তিনটি। যথাঃ-দেহের গঠন, দেহে তাপ উৎপাদন ও রোগ প্রতিরোধ।

২। সুষম খাদ্য ৬ টি উপাদান থাকে। যথাঃ- শর্করা, আমিষ, শ্বেত, ভিটামিন, খনিজ লবণ ও পানি।

৩। সুষম খাদ্য তালিকায় সবচেয়ে বেশি পরিমাণে থাকে — শর্করা।

৪। গরু, ছাগল ও অন্যান্য প্রাণীর দুধে থাকে—ল্যাকটোজ বা দুধ শর্করা।

৫। পশ্চ ও পাথি জাতীয় প্রাণীর মাংশে থাকে —

গ্লাইকোজেন।

৬। পূর্ণবয়স্ক ব্যক্তির দৈনিক ৩০০ গ্রাম শর্করা জাতীয়

খাদ্য গ্রহণ করতে হয়।

৭। পানির সমতুল্য খাবার হচ্ছে — দুধ।

১০। ভিটামিন বি কমপ্লেক্স ১২ টি। চা পাতায় ভিটামিন

বি কমপ্লেক্স রয়েছে। [৩৭ তম বিসিএস]

এ অধ্যায়ের এস এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা বিভিন্ন  
নিয়োগ পরীক্ষায় আসে;

১। সুষম খাদ্যের উপাদান কয়টি? [এস এস সি-১৬, ১৫]

উত্তরঃ ৬ টি।

২। কোন রাসায়নিক পদার্থ দই মিষ্টি ও বেকারী

সামগ্রী সংরক্ষণে ব্যবহৃত হয়? [এস এস সি-১৬]

উত্তরঃ সরবেটেস।

৩। ফাস্ট ফুডে প্রচুর পরিমাণে কী থাকে? [এস এস সি-১৬,

১৫]

উত্তরঃ রাসায়নিক পদার্থ।

৪। ভিটামিন ‘এ’ এর অভাবে কোন রোগ হয়? [এস এস

সি-১৬, ১৫]

উত্তরঃ রাতকানা।

৫। ভিটামিন 'সি' এর অভাবে কোন রোগ হয়? [এস এস

সি-১৬, ১৫]

উত্তরঃ স্কার্টি।

.

.

নবম দশম শ্রেণি - সমাজ

প্রথম অধ্যায়ঃ পূর্ব বাংলার আন্দোলন ও

জাতীয়তাবাদের উত্থান (১৯৪৭ – ১৯৭১)

.

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

১। ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয় – ১৯৪৭ সালের

১৪ আগস্ট রাতে।

২। “তমদুন মজলিস” নামক সাংস্কৃতিক প্রতিষ্ঠান

প্রতিষ্ঠিত হয় – ২ সেপ্টেম্বর ১৯৪৭ সাল।

৩। ১৯৪৮ সালের ২৩ ফেব্রুয়ারি উদু ও ইংরেজির

পাশাপাশি বাংলা ভাষার দাবি করেন—ধীরেন্দ্রনাথ

দত্ত

৪। বাংলা ভাষা দাবি দিবস — ১১ মার্চ।

৫। “উদুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা” এই ঘোষণা দেন—মোহাম্মদ আলী জিনাহ।

৬। ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি থেকে ১৪৪ ধারা জারি করা হয় —২০ শে ফেব্রুয়ারি ১৯৫২।

১২। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিলো — নৌকা। [৩৭ তম প্রিলিমিনারি]

এ অধ্যায়ের এস এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসে;

১। স্বাধীনতা —পূর্ব বাংলাদেশের অর্থনীতির কোন ধাপটিকে বলা হয় “বাংলার স্বর্গ্যুগ”? (এস এস সি-২০১৫)  
উত্তরঃ মুসলিম শাসনামল।

২। পাকিস্তান সুষ্ঠির পূর্বেই কোন বিষয় নিয়ে বিতর্ক শুরু হয়? (এস এস সি-২০১৫)

উত্তরঃ প্রস্তাবিত রাষ্ট্রের ভাষা কী হবে তা সিয়ে।

৩। কোন সালে পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন

অনুষ্ঠিত হয়? (এস এস সি-২০১৫)

উত্তরঃ ১৯৭০ সালে।

৪। ছাত্ররা কত সালে ১১ দফার দাবিতে আন্দোলন করে?

(এস এস সি-২০১৫)

উত্তরঃ ১৯৬৮ সালে।

৫। ঐতিহাসিক আগড়তলা ষড়যন্ত্র মামলা কতজনের বিরুদ্ধে করা হয়? (এস এস সি-২০১৫)

উত্তরঃ ৩৫ জন।

.

.

নবম দশম শ্রেণি - ভূগোল ও পরিবেশ

দশম অধ্যায়ঃ বাংলাদেশের ভৌগোলিক রিভরণ

.

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

১। বাংলাদেশের মধ্যভাগ দিয়ে অতিক্রম করেছে –

কর্কটক্রান্তি রেখা।

২। বাংলাদেশ ২০। ৩৪' উত্তর অক্ষরেখা থেকে ২৬। ৩৬'

উত্তর অক্ষরেখার মধ্যে অবস্থিত।

৩। বাংলাদেশ ৮৮। ০১' পূর্ব দ্রাঘিমা থেকে ৯২। ৪১' পূর্ব

দ্রাঘিমারেখার মধ্যে অবস্থিত। [৩৬ তম প্রিলিমিনারি]

৪। ২০১৫ সালের ৩১ জুলাই ভারতের সাথে ছিটমহল  
বিনিময়ের ফলে এদেশের সাথে ১০,০৪১ একর জমি যোগ  
হয়।

৫। বাংলাদেশের টেরিটোরিয়াল বা রাজনৈতিক  
সমুদ্রসীমা – ১২ নটিক্যাল মাইল।

৬। বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা বা Exclusive  
Economic Zone – ২০০ নটিক্যাল মাইল।

৭। বাংলাদেশের উপকূলীয় ভূখণ্ড সমুদ্রে ৩৫০ নটিক্যাল  
মাইল পর্যন্ত যার ভৌগোলিক নাম মহীসোপান।

এ অধ্যায়ের এস এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা বিভিন্ন  
নিয়োগ পরীক্ষায় আসে;

১। বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি? [এস এস সি  
-২০১৬]

উত্তরঃ এপ্রিল।

২। বাংলাদেশের পদ্মা, মেঘনা ও যমুনা নদী কোথায়

মিলিত হয়েছে? [এস এস সি -২০১৬]

উত্তরঃ চাঁদপুরে।

৩। দুই বা ততোধিক নদীর মিলন স্থলকে কী বলে? [এস এস সি -২০১৭]

উত্তরঃ নদী সংগম।

৪। গ্রিন হাউজ প্রতিক্রিয়ার ফলে বাংলাদেশের কোন অঞ্চল জলমগ্ন হবে? [এস এস সি -২০১৬]

উত্তরঃ দক্ষিণাঞ্চল।

৬। বাংলাদেশ কত ডিগ্রি দ্রাঘিমারেখার মধ্যে অবস্থিত? [৩৬ তম কবসিএস]

উত্তরঃ ৮৮° ০১' পূর্ব থেকে ৯২° ৪১' পূর্ব।

.

.

নবম দশম শ্রেণি - পৌরনীতি ও নাগরিকতা

পঞ্চম অধ্যায়ঃ সংবিধান

.

.

এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্য;

২০। জাতীয় সংসদে ৩৫০ টি আসন রয়েছে। মহিলাদের জন্য ৫০ টি আসন সংরক্ষিত রয়েছে।

২১। জাতীয় সংসদের মেয়াদ ৫ বছর।

২২। বাংলাদেশের সর্বোচ্চ আইন হলো- সংবিধান।

২৩। বাংলাদেশে এ প্রযৰ্ত্ত সংবিধান সংশোধন হয়েছে – ১৬ বার।

২৪। সংবিধানের প্রথম সংশোধনী হয় – ১৫ জুলাই ১৯৭৩ সালে। যুদ্ধাপরাধীদের বিচার করার জন্য।

২৫। দ্বিতীয় সংশোধনী হয় – ২০ সেপ্টেম্বর ১৯৭৩ সালে। ‘জরুরি অবস্থা’ ঘোষণার ক্ষমতা দেওয়ার জন্য।

২৬। তৃতীয় সংশোধনী হয় – ২৩ নভেম্বর ১৯৭৪ সালে। মুজিব-ইন্দিরা গান্ধীর বাংলাদেশ- ভারত সীমান্ত চুক্তি অনুযায়ী বেরুবাড়িকে ভারতের নিকট হস্তান্তরের বৈধতার জন্য।

২৭। চতুর্থ সংশোধনীর হয় – ২৫ জানুয়ারি ১৯৭৫ সালে। সংসদীয় সরকারব্যবস্থার পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা প্রবর্তন। উপরাষ্ট্রপতির পদ সৃষ্টি। সব রাজনৈতিক দল বিলুপ্তি ও একটিমাত্র জাতীয় দল সৃষ্টি।

এ অধ্যায়ের এস এস সি পরীক্ষার বিগত প্রশ্ন যা বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসে;

১। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সংবিধান কীভাবে প্রণীত হয়েছে? [এস এস সি -২০১৭]

উত্তরঃ আলাপ আলোচনার মাধ্যমে।

২। কত সালে ‘ম্যাগনাকার্টা’ সনদ প্রণয়ন করা হয়? [এস এস সি -২০১৭]

উত্তরঃ ১২১৫ সালে।

৩। বাংলাদেশের সংবিধান কখন কযর্কর করা হয়? [এস এস সি -২০১৬]

উত্তরঃ ১৬ ডিসেম্বর।

৪। বাংলাদেশের খসড়া সংবিধান প্রণয়ন কমিটির সদস্য কত জন ছিলো? [এস এস সি -২০১৭]

উত্তরঃ ৩৪ জন।

৫। বাংলাদেশের সংবিধানে কয়টি ভাগ রয়েছে? [এস এস সি -২০১৫]

উত্তরঃ ১১ টি।

৬। সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে সংসদীয়  
সরকার ব্যবস্থা পুনঃপ্রবর্তন করা হয়? [এস এস সি -২০১৫]  
উত্তরঃ দ্বাদশ।

সব ধরনের ই-বুক ডাউনলোডের জন্য

**MyMahbub.Com**